দর্শনায় মুক্ত সমাজ গড়ার লক্ষে জনসতেনতা মুলোক উঠান বৈঠক

দর্শনা পৌর এলাকায় মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ, নারী নিযার্তন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবনতা প্রতিরোধ ও বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার লক্ষে জনসতেনতা মুলোক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকাল ৪টায় দর্শনা থানার ২নং বিট পুলিশিং আয়োজনে পৌর এলাকার পরাণপুর সরকারী স্কুল মাঠে বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়িচ্ছি প্রতিপাদ্য বিষয় নিয়ে গ্রামবাসীর সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌরসভার ৫নং ওয়ার্ড আ.লীগের সভাপতি সোলায়মান হোসেনের সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা থানার অফিসার্স ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর। তিনি এলাকার জন সাধারণের সেবা করার প্রতিশ্রুতি দিয়ে বলেন, মাদক, সন্ত্রাস,জঙ্গিবাদ, নারী নিযার্তন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবনতা প্রতিরোধ ও বাল্যবিবাহ মুক্ত সমাজ করতে আমিসহ আমার পুলিশ বাহিনী কাজ করে যাচ্ছে। সেই সাথে গ্রামবাসী যদি আমাদের সহযোগিতা করেন, তাহলে দ্রুত সমাজ থেকে মাদক ও সন্ত্রাসসহ সকল অপকর্ম দুর হবে।

এছাড়া উপস্থিত সকলকে তাদের ছেলে-মেয়েদের নৈতিক শিক্ষা দিয়ে মানুষের মত মানুষ করে গড়ে তুলার পরামর্শ দেন এবং তিনি আরো বলেন, মেয়ে সংসারের বোঝা নয় তাদের লেখাপড়া করিয়ে সম্পদ করে গড়ে তুলতে হবে। এছাড়া অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইন্সেপেক্টর অপারেশন নিরব হোসেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, স্কুলের প্রধান শিক্ষক কামরুল হাসান হিরো, ৫নং ওয়ার্ড আ.লীগের সাধারণ সম্পাদক ফরজে আলী। এছাড়া আরো উপস্থিত ছিলেন, আলতাফ হোসেন মন্ডল, আবু বক্কর, শাহজুল ইসলাম ও আব্দুল ওয়াদুদ। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা থানার তদন্ত কর্মকতার্ আহম্মেদ আলী।

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক ২

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক দুটি মাদক বিরোধী অভিযান চালিয়েছে। এ অভিযানে দর্শনা ঈশ্বরচন্দ্রপুরে দু’সহদর রাজ্জাক ও ওয়াসীমকে মাদক সহ আটক করা হয়েছে। এদের মধ্যে একজনকে ইয়াবা ও অপরজনকে ফেনসিডিল সহ আটক করা হয়।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন জানান, আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে চুয়াডাঙ্গা জেলা বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সরকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান চালানো হয় দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এ সময় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের স্কুলপাড়ায় অভিযান পরিচালনাকালে আনারুল ইসলামের ছেলে আব্দুর রাজ্জাক (৩০) বসতঘরে তল্লাসী চালিয়ে ২১ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ তাকে আটক করা হয়।

পরে আটককৃত আসামীকে ৫ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১শত টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ রায় প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন।

পৃথক আরেকটি অভিযানে আজ বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে একই অভিযানিক দল মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন ঈশ্বরচন্দ্রপুর গ্রামের স্কুলপাড়ায় রাজ্জাকের বড় ভাই ওয়াসিমের (৩৬) নিজ বসতঘরে। এ অভিযানে তার বসতঘর হতে ৮ বোতল ফেনসিডিলসহ তাকে আটক করা হয়।

আটককৃত আসামী ওয়াসীমের বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ বৃহস্পতিবার ওয়াসিমের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

চুয়াডাঙ্গায় ভোক্তা অধিকারের অভিযান,জরিমানা আদায়

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা সহ জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা বারোটার সময় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ কর্তৃক চুয়াডাঙ্গা সদর উপজেলার হাসপাতাল রোড এলাকায় অভিযান পরিচালিত হয়। পরিচালিত অভিযানে হাসপাতাল মোড়ের ফার্মেসিগুলোতে তদারকি কার্যক্রম পরিচালিত হয়।

অভিযানে মেসার্স মতিন ফার্মেসিতে তদারকিকালে ফ্রিজ ও র্যাকে সংরক্ষিত মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল ঔষধ পাওয়া যায়। মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে এর মালিক মোঃ আব্দুল মতিনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৫১ ধারায় ১০,০০০/- টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে মেসার্স তুহিন ফার্মেসিতে তদারকি করা হয়। এসময় ফ্রিজ ও র্যাক থেকে প্রচুর মেয়াদ উত্তীর্ণ ঔষধ জব্দ করা হয়। বিভিন্ন গুরুত্বপূর্ণ ভ্যাক্সিন ও ইনজেকশন ফ্রিজের মধ্যে মেয়াদ উত্তীর্ণ অবস্থায় পাওয়া যায়। উক্ত অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মোঃ নাজমুন নকিবকে ৫১ ধারায় ১০,০০০/- টাকা জরিমানা করা হয়। অভিযানে ০২টি ফার্মেসিকে মোট ২০,০০০/- টাকা জরিমানা করা হয়।

এসময় আরো বেশকিছু প্রতিষ্ঠান তদারকি করা হয় এবং সবাইকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় না করার ব্যাপারে সতর্ক করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন ঔষধ প্রশাসন অধিদপ্তর, চুয়াডাঙ্গা এর সহকারী পরিচালক এ কে এম মহসীনিন মাহবুব ও চুয়াডাঙ্গা জেল পুলিশের একটি টিম।

জনসার্থে এই অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

চুয়াডাঙ্গায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির আয়োজনে অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির আয়োজনে অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠিত হয় শহরের টার্মিনাল সংলগ্ন চেম্বার ভবন হল রুমে।

চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি সভাপতি ইয়াকুব হোসেন মালিক এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন।

এ সময় তিনি বলেন, আমরা আপনাদের ঘরের সন্তান। এই শীতে আপনারা অমানবিক কষ্ট করবেন, তা মেনে নেয়া যায় না। আপনাদের প্রতি বুকভরা ভালোবাসা, শ্রদ্ধাবোধ, সম্মান ও সহমর্মিতা নিয়ে আমরা এখানে এসেছি, পরিবারের সদস্য হিসেবে আপনাদের পাশে দাঁড়াতে। এ সময় তিনি মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়াতে সবাইকে আহ্বান জানান। যে কোনো অপরাধমূলক কর্মকাণ্ড কারও চোখে পড়লে পুলিশকে জানানোর জন্য অনুরোধ করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মাহাব্বুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা ইউনিটের সভাপতি নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা দোকান মালিক সমিতি সাধারণ সম্পাদক ইবরুল হাসান জোয়ার্দ্দার ইবু সহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির নেতৃবৃন্দ।

দর্শনা বড়বলদিয়া মাদ্রাসা ছাত্রীর বিষপানে আত্ম*হত্যার চেষ্টা

দর্শনা বড়বলদিয়া মাদ্রাসার ওনজিলা খাতুন নামের এক ছাত্রীর বিষপানে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে। এতে গুরুত্বরভাবে অসুস্থ অবস্থায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড় বলদিয়া হাফিজিয়া মাদ্রাসার ছাত্রী।

জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ওসমানপুর বেদেপোতা গ্রামের জনৈক্য ব্যাক্তির শিশু কন্যা ওনজিলা খাতুন (১১)। সে একই উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড়বলদিয়া হাফেজিয়া মাদ্রাসার অধ্যায়নরত ছাত্রী।

বুধবার সকালের দিকে মাদ্রাসার একই ক্লাসে অধ্যায়নরত বান্ধবীদের সঙ্গে মনোমালিন্য হয়। এনিয়ে সকাল সাড়ে ১০ টার দিকে উকুন মারা বিষপান করে ওনজিলা খাতুন। ফলে গুরুত্বরভাবে অসুস্থ হলে মাদ্রাসার শিক্ষকরা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে। তবে তার বিষপানের নেপথ্য নিয়ে বড়বলদিযা গ্রামে নানামুখি গুঞ্জণ শুনা যাচ্ছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর বলেন, বিষয়টি আমার জানা নেই। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত সদর হাসপাতালে মাদ্রাসা ছাত্রী ওনজিলা খাতুনের অবস্হা আশংকাজনক।

দামুড়হুদা মডেল থানা পুলিশ

হাতে প্রতারক চক্রের সদস্য গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের হাতে আবারো আন্তঃজেলা প্রতারক চক্রের সক্রিয় সদস্য আটক, এবং একটি বাজাজ সিটি ১০০ মোটরসাইকেল, ৫৫ টি ভুয়া মেমো এবং প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ ২৭০০/- হাজার টাকা উদ্ধার।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার রামনগর গ্রামের রেজাউল হকের ছেলে আলিফ (৩৭)। আজ বুধবার বিকাল ৫টার দিকে তাকে নিজ বাড়ি থেকে আটক করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিক নির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান শেখ সঙ্গীয় ফোর্সসহ তথ্য প্রযুক্তির ভিত্তিতে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের রামনগর গ্রামস্থ ক্লাব মোড় সংলগ্ন আসামীর নিজ বসত বাড়ি থেকে কৌশলে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেয়া চক্রের মূল হোতা আলিফ কে আটক করে।

আটককৃত ব্যাক্তি দামুড়হুদা, আলমডাঙ্গা, জীবননগর চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর ও ঝিনাইদহ সহ আসপাশের জেলায় প্রতারণা করে অর্থ হাতিয়ে নেয়। সে আশপাশের জেলাগুলো থেকে প্রতারণা করে বিভিন্ন ব্যবসায়িদের কাছথেকে মোটা অর্থ হাতিয়ে নিত। পুলিশ এমন তথ্য পেয়ে তথ্য-প্রযুক্তির মাধ্যমে সনাক্ত করে তাকে আটক করে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে প্রতারনা মামলা রুজু করা হয়েছে। বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দর্শনায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দর্শনায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে দর্শনা রেলবাজারে অবস্থিত পৌর আ.লীগের কার্যালয়ে দিবসটি উপলক্ষেবঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন শেষে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিক তুলে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব ও পৌর আ.লীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফের সভাপতিত্বে ও উপস্থাপনায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিক তুলে সংক্ষিপ্ত আলোচনা করেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর ১নং ওয়ার্ড আ.লীগের সভাপতি জয়নাল আবেদীন নফর, ২নং ওয়ার্ড আ.লীগের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, ৬নং ওয়ার্ড আ.লীগের সহ-সভাপতি সোলায়মান কবীর, দর্শনা সিএ্যান্ডএফ এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক ও আ.গীগ নেতা আতিয়ার রহমান হাবু, আখচাষী কল্যান সমিতির সভাপতি ও আ.লীগ নেতা আব্দুল হান্নান, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা হীরণ, দর্শনা পৌর ছাত্রলীগের সহ-সভাপতি আশরাফুল আলম, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু, অপু সরকার, লোমান, রায়হান, প্রভাত আলম সহ আ.লীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

সাধারণ সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীনের মত বিনিময় সভা

দর্শনা প্রেসক্লাব সাংবাদিকদের সাথে মতবিনিময় করলেন কেরু শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচনে সাধারন সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীন নফর। মঙ্গলবার সন্ধায় দর্শনা প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্টিত হয়।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে সাংবাদিকদে সাথে মতবিনিময় করেন শ্রমিক ইউনিয়নের ২০২৩-২৪ সালের নির্বাচনে সাধারণ সম্পাদক পদপ্রার্থী জয়নাল আবেদীন নফর।

এসময় তিনি বলেন, দেশের বিভিন্ন চিনিকল থেকে শ্রমিক নিয়ে এসে স্থানীয় চুক্তি ভিত্তিক যারা দীর্ঘদিন কাজ করে আসছে তাদেরকে বাদ দিয়ে বিভিন্ন মিল থেকে শ্রমিক নিয়ে এসেছে সিবিএ নেতারা। বর্তমান সম্পাদক মাসুদুর রহমান চুক্তি ভিত্তিক কর্মচারীদের তাদের দিন হাজীরা অথচ তাদেরেক বড় সুবিধা দিয়ে ষাট বছর অর্ডার করে নিয়ে এসেছে হেড অফিস থেকে নিজের সুবিধার জন্য। কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ২ হাজার ৫শত ছিল, কিন্তু বর্তমান সম্পাদক মাসুদুর রহমান শ্রমিক কুমিয়ে ১ হাজার ২ শত ৬০ জনকে নিয়ে আসেন। কেরু এন্ড কোম্পানি দীর্ঘদিন (বছরের পর বছর) চুক্তি ভিত্তিক আছে তাদেরকে স্থায়ী না করে বর্তমান সিবিএ নেতারা অতিরিক্ত আরো ৩শ ২০ জনকে নিয়োগ দেন।

এসময় জয়নাল আবেদীন নফর আরও বলেন, আমি যদি আগামী নির্বাচনে জয়লাভ করতে পারি তাহলে চুক্তিভিত্তিক যারা আছে তাদেরকে আমি স্থায়ী করার জন্য আমার প্রথম কাজ। মিলে শ্রমিক লাগলে এলাকার যোগ্য ছেলের নেওয়া হবে। আমি এই প্রেসক্লাবে কথা দিচ্ছি আমি জয়লাভ করতে পারলে, যে সমস্ত শ্রমিকদের ছাটাই করা হয়েছে তাদের বর্তমান পরিবার ও সন্তানদের নিয়ে কষ্টে আছে তাদেরকে ফিরিয়ে আনার চেষ্টা করবো।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সহ-সভাপতি অবসরপ্রাপ্ত শ্রমিক ফারুক আহমেদ, অবসরপ্রাপ্ত শ্রমিক আমির হোসেন সিআইসি, ট্রাক চালক সাগর, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক ওসমান আলী, দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি ও প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু,

ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক নজরুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিকুল, সাংবাদিক সমিতির সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সিনিয়র সাংবাদিক এফএ আলমগীর, মাসুম বিল্লা, হাসমত আলী, মাহমুদুল হাসান রনি, আব্দুর রহমান, ওয়াসিম রয়েল, আবিদ হাসান রিফাত, ফরহাদসহ প্রমুখ।

দামুড়হুদায় রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা

দামুড়হুদায় ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে সমলয়ে চাষাবাদে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মিশন পাড়ায়।

দামুড়হুদা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে উক্ত আলোচনা সভায় চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান মনির, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম সহ স্থানীয় কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ

সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।